


তারিখ: ২১ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) সবসময় সরকার তথা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে আন্তঃ শিক্ষা বোর্ডের সিদ্ধান্তকে অনুসরণ করে। দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের দাবীর প্রেক্ষিতে ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং আন্তঃ শিক্ষা বোর্ড দেশের চলমান এইচ.এস.সি পরীক্ষা-২০২৪ বাতিল করেছেন। এমতাবস্থায়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০২৪ অনুষ্ঠিত হওয়ার সুযোগ নেই বলে পরীক্ষা কমিটি, ওপেন স্কুল, বাউবি মনে করেন। তবে এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত ও অনুমোদন অপরিহার্য। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের শূন্য পদ পূরণ হওয়ার স্বল্পতম সময়ের মধ্যে পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত এবং ফলাফল প্রক্রিয়াকরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হবে।


05/09/24

অধ্যাপক ড. মোঃ মোহসীন উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)